গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া
(রাজস্ব শাখা)
www.dckushtia.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৪.৫০০০.০০৫.১১.০০১.২৩- ৭১

তারিখ : ১০ মাঘ ১৪৩০
২৪ জানুয়ারি ২০২৪

## নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-১ অধিশাখার ০৬ ডিসেম্বর ২০২৩ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০০৪.১৯.৫৭৬ নং স্মারক পত্রের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া এর রাজস্ব প্রশাসনাধীন নিম্নবর্ণিত শূন্যপদ অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে কুষ্টিয়া জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নোক্ত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরমে স্ব-হস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্রমিক নম্বর | পদের নাম | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | অফিস সহায়ক | গ্রেড-২০ : ৮২৫০-২০০১০/- | ২৭ (সাতাশ) টি | কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ'সহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |

### আবেদনের শর্তাবলীঃ

০১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও কুষ্টিয়া জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত ফরম স্ব-হস্তে পূরণপূর্বক আবেদন করতে হবে।

০৩। নির্ধারিত আবেদন ফরমে জেলা প্রশাসক, কুষ্টিয়া-কে সম্বোধন করে আগামী ২৯ ফেব্রুয়ারি, ২০২৪ এর মধ্যে অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসক, কুষ্টিয়া এঁর কার্যালয়ে ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য নয়। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া এঁর রাজস্ব শাখা হতে অথবা জেলা তথ্য বাতায়নের ওয়েব সাইট www.kushtia.gov.bd এর নোটিশ বোর্ড হতে সংগ্রহ করা যাবে। এছাড়া, কুষ্টিয়া জেলার প্রতিটি ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে আবেদন ফরম ডাউনলোড করা যাবে।

০৪। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা ও চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

০৫। প্রার্থীর বয়সসীমা ২৯ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধার সন্তান বা সন্তানের সন্তান বা প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীগণকে নিম্নোক্ত ছকে তথ্য প্রদান করতে হবে।

| প্রার্থীর নাম | মুক্তিযোদ্ধার নাম | মুক্তিযোদ্ধার পিতার নাম | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ, জন্ম সনদ | মুক্তিযোদ্ধার সনদ নম্বর, মুক্তিবার্তা নম্বর ও তারিখ | গেজেট নম্বর ও তারিখ | মন্ত্রণালয়ের সনদ নম্বর তারিখ ও স্মারক নম্বর | বামুস সনদ নম্বর ও তারিখ | মুক্তিযোদ্ধার নাতি-নাতনী দাবী করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র এবং মুক্তিযোদ্ধার সাথে সম্পর্কের বিষয়ে সনদপত্র | মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |

০৬। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।

ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি ৫X৫ সে.মি. আকারের রঙিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে। সত্যায়ন কর্মকর্তার নাম, পদবিসহ স্পষ্ট সীল থাকতে হবে।

খ) সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে জেলা প্রশাসক, কুষ্টিয়া এর অনুকূলে ১-৪৬৩১-০০০০-২০৩১ নং কোডে ট্রেজারী চালানের মাধ্যমে পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকা জমা প্রদান করে ট্রেজারি চালানের মূলকপি (প্রথম কপি) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে ।

গ) আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক শিক্ষাগত যোগ্যতার সনদ ও জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি।

ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নাম ও পদবীসহ স্পষ্ট সিল দ্বারা চারিত্রিক সনদপত্র।

ঙ) প্রার্থীর পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের মূল সনদপত্র ।

চ) পদের নাম ও প্রার্থীর নাম ঠিকানা সংবলিত ১০ (দশ) টাকার ডাক টিকিট লাগানো ১০ ইঞ্চি X ৪.৫ ইঞ্চি একটি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৭। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র এবং ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৮। চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। এ ক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

০৯। **সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধার সন্তান/মহিলা/আনসার ভিডিপি/এতিম/শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের জন্য কোটা সংক্রান্ত সরকারি বিধান অনুসরণ করা হবে। এক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।**

১০। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতা ও কোটা সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে। উল্লেখ্য, জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সনদে প্রার্থীর নাম, ঠিকানা ও জন্ম তারিখ অভিন্ন হতে হবে।

১২। বিবাহিতা মহিলা প্রার্থীর ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

১৩। নিয়োগের ব্যাপারে যে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১৪। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলি পরিবর্তন/ পরিবর্ধন/ সংযোজন/ বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এই নিয়োগ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। আবেদনপত্র গ্রহণ/বাতিল এবং নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৬। **এ কার্যালয়ের ০১.১২.২০২১খ্রি. তারিখের ০৫.৪৪.৫০০০.০৫৫.১১.০০১.২১-১১৮৮ নং স্মারকের মাধ্যমে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে অফিস সহায়ক পদে যেসকল আবেদনকারীগণ পূর্বে আবেদন করেছেন তাদেরকে এই বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের জন্য নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। তাদের পূর্বের দাখিলকৃত আবেদন এ বিজ্ঞপ্তির অধীন মর্মে বিবেচিত হবে।**

১৭। **লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে নিয়োগ কার্যক্রম সম্পন্ন হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণদেরকে পরবর্তীতে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।**

১৮। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ পূরণে "ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২১" অনুসরণ করা হবে।

১৮। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

২৪/০১/২০২৪

(মোঃ এহেতেশাম রেজা)
জেলা প্রশাসক
কুষ্টিয়া।
ফোন নং-০২৪৭৭৭৮২৩০০
dckushtia@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৪.৫০০০.০০৫.১১.০০১.২৩- ৭২

তারিখ : ১০মাঘ ১৪৩০
২৪ জানুয়ারি ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ৯৮, শহীদ তাজউদ্দিন আহমদ সরণি, তেজগাঁও, ঢাকা-১২০৮।
০৫। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।

অনুলিপি অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০৬। জেলা প্রশাসক, ............................ ( সকল)।
০৭। পুলিশ সুপার, কুষ্টিয়া।
০৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুষ্টিয়া।
০৯। সিভিল সার্জন, কুষ্টিয়া।
১০। উপ-পরিচালক, স্থানীয় সরকার, কুষ্টিয়া।
১১। মেয়র, কুষ্টিয়া পৌরসভা, কুষ্টিয়া।
১২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/ সার্বিক/শিক্ষা ও আইসিটি)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুষ্টিয়া।
১৩। উপজেলা নির্বাহী অফিসার, ...................... কুষ্টিয়া (সকল)। [বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙিয়ে এবং ওয়েবসাইটে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৪। সহকারী কমিশনার (ভূমি), .......................,কুষ্টিয়া (সকল)।
১৫। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কুষ্টিয়া (নিয়োগ বিজ্ঞপ্তিটি এবং নির্ধারিত আবেদন ফরম এ কার্যালয়ের ওয়েব সাইটের নোটিশ বোর্ডে আপলোড করার জন্য এবং জেলার প্রতিটি ইউনিয়ন ডিজিটাল সেন্টারে প্রেরণের অনুরোধসহ)।
১৬। সিনিয়র জেলা তথ্য অফিসার, কুষ্টিয়া।
১৭। সহকারী পরিচালক, জেলা জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো, কুষ্টিয়া।
১৮। পোস্ট মাস্টার, প্রধান ডাকঘর, কুষ্টিয়া।
১৯। ডিস্ট্রিক্ট এ্যাকাউন্টস এ্যান্ড ফিন্যান্স অফিসার, কুষ্টিয়া।
২০। স্টেশন মাস্টার, সকল স্টেশন, কুষ্টিয়া।
২১। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ............................., কুষ্টিয়া।
২২। সম্পাদক, ..........................................(......................... খ্রি. তারিখে) বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় ভিতরের পাতায় স্বল্প পরিসরে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
২৩। অফিস কপি/ নোটিশ বোর্ড।

২৪/০১/২০২৪

জেলা প্রশাসক

# চাকরির আবেদন ফরম

| ছবি<br>৫x৫ সে.মি. ছবি<br>(সম্প্রতি তোলা) |
|---|

বরাবর
জেলা প্রশাসক
কুষ্টিয়া।

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম : | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর : | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | |
| ৩. | প্রার্থীর নাম : | বাংলায় | | | | | | | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে) | | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয়পত্র নম্বর | | | | | | | | | | (যে কোনো একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর | | | | | | | | | | |
| ৫. | জন্ম তারিখ : | | ৬. জন্মস্থান (জেলা): কুষ্টিয়া | | | | | | | | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স : | বছর | মাস | দিন | | | | | | | |
| ৮. | মাতার নাম : | | | | | | | | | | |
| ৯. | পিতার/স্বামীর নাম : | | | | | | | | | | |

| | ঠিকানা : | বর্তমান | স্থায়ী |
|---|---|---|---|
| ১০. | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা : | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর : | | |
| | পোস্টকোড নম্বর : | | |
| | উপজেলা : | | |
| | জেলা : | | |
| ১১. | যোগাযোগ | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল (যদি থাকে) |

| | | | |
|---|---|---|---|
| ১২. | জাতীয়তা : | ১৩. | জেন্ডার- |
| ১৪. | ধর্ম : | ১৫. | পেশা- |

১৬. শিক্ষাগত যোগ্যতা :

| পরীক্ষার নাম | বিভাগ | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কণ্যার পুত্র-কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বরঃ | তারিখ : | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| | ব্যাংক ও শাখার নামঃ | | | | | | | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন): | হ্যা | না | প্রযোজ্য নয় | | | | | | |

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমানিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখ : | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|

প্রার্থীর স্বাক্ষর